


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেল সুপারের কার্যালয়, বগুড়া জেলা কারাগার।

কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণ ও প্রকৃত রেস্টুরেন্ট ব্যবসায়ীগণকে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলা কারাগারের অনুকূলে “বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প” এর অর্থায়নে নির্মিত কারা ক্যান্টিনটি আগামী ০১.১১.২০২৬ হতে ৩১.১০.২০২৯ পর্যন্ত (০৩ বছরের) সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগামী ২৪.০৯.২০২৬ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত বগুড়া জেলা কারাগারের প্রধান ফটকে রক্ষিত বাস্তব নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে সীলমোহরযুক্ত কোটেশন আহবান করা যাচ্ছে। উক্ত কোটেশনে অংশগ্রহণকারী ইচ্ছুক সর্বসাধারণ ও প্রকৃত রেস্টুরেন্ট ব্যবসায়ীগণ তাদের নিজস্ব প্যাডে/লিখিত দরখাস্তের মাধ্যমে উপস্থিত থেকে কোটেশন দাখিল করতে পারবেন। কোটেশন বাস্তব খোলার তারিখ ও সময় একই দিন দুপুর ০১.০০ ঘটিকায়। নির্ধারিত তারিখ ও সময়ের পর আর কোন কোটেশন দাখিল করা যাবেনা।

শর্তাবলী সমূহ :

১. কোটেশনে অংশগ্রহণকারীগণকে প্রস্তাবিত মাসিক ভাড়ার উপর ৩৬ মাসের ভাড়ার সমপরিমান অর্থের ৩% হারে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জেল সুপার, বগুড়া জেলা কারাগার এর অনুকূলে কোটেশনের সাথে দাখিল করতে হবে।
২. “বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প” এর অর্থায়নে নির্মিত কারা ক্যান্টিনের ইজারা মেয়াদ ০৩(তিন) বছরের জন্য নির্ধারন করা হলো।
৩. ট্রেড লাইসেন্স (ফটোকপি), জাতীয় পরিচয়পত্র (ফটোকপি) ও ০২ কপি পাসপোর্ট সাইজের (বর্তমান সময়ের) ছবি কোটেশনের সাথে দাখিল করতে হবে।
৪. কোটেশনে দাখিলকৃত সর্বোচ্চ দর গৃহিত হওয়ার পর মাসিক ভাড়ার ০১(এক) বৎসরের সমপরিমান অর্থ জামানত হিসেবে প্রদান করতে হবে।
৫. সর্বোচ্চ দর গৃহিত হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে ৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ভাড়া সংক্রান্ত ০৩(তিন) বছর মেয়াদী চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
৬. কাটাকাটি/ঘষামাজা জনিত কোন কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৭. প্রতি মাসের ০৭(সাত) তারিখের মধ্যে ভাড়ার টাকা পরিশোধ করতে হবে। পর পর ০৩(তিন) মাস ভাড়া পরিশোধে ব্যর্থ হলে কর্তৃপক্ষ বরাদ্দ আদেশ বাতিল করতে পারবেন।
৮. “বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প” কারা ক্যান্টিন বগুড়া শিরোনামে সাইনবোর্ড ক্যান্টিনের সামনে স্থাপন করতে হবে। ক্যান্টিন সকাল ০৭.০০ ঘটিকা হতে রাত্রি ০৮.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখতে হবে।
৯. ক্যান্টিনের বৈদ্যুতিক সংযোগ ও যাবতীয় বিদ্যুৎ বিল নিজ খরচে পরিশোধ করতে হবে।
১০. চলতি বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে মালামাল সুলভ মূল্যে বিক্রয় করতে হবে এবং মালামালে মূল্য তালিকা সকলের জ্ঞাতার্থে প্রদর্শন করতে হবে।
১১. কর্তৃপক্ষের নির্দেশ ব্যতীত কোন ক্রমেই ক্যান্টিনের কোন অংশ পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না। এতদসংক্রান্ত ক্যান্টিনের কোন ক্ষতি সাধন করা যাবে না।
১২. বরাদ্দ প্রাপক কর্তৃক ক্যান্টিনটি উপ-ভাড়া (Sub-let) প্রদান করা হলে কোন রকম নোটিশ ছাড়াই বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং কারা কর্তৃপক্ষ নতুন বরাদ্দ প্রক্রিয়া গ্রহণ করবে।
১৩. বাংলাদেশের প্রচলিত আইন অনুযায়ী ক্যান্টিন বৈধ ব্যবসা ব্যতীত অন্যকোন কাজে ব্যবহার করতে পারবেন না এবং সরকারের বেআইনী ঘোষিত কোন সামগ্রী ক্রয়/বিক্রয় ও গুদামজাত/সংরক্ষণ করতে পারবেন না।
১৪. কারাগারের প্রয়োজনে ০১(এক) মাসের নোটিশে চুক্তিপত্র বাতিল করার ক্ষমতা কারা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১৫. যে কোন কারন দর্শানো ব্যতিরেকেই নিম্নস্বাক্ষরকারী সকল কোটেশন গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


১৪.৯.২৬
(মোঃ আসাদুর রহমান)
বিজে নং-০২৭৮০৪০০৩৫৮
জেল সুপার
বগুড়া জেলা কারাগার।
bograiaill@gmail.com

পত্র নং- ৪৪.০৭.১০০০.১৩২.০৪.০১৫.২৬- ৪৪৪৫/৫

তারিখ : ৩০ ভাদ্র ১৪৩৩
১৪ সেপ্টেম্বর ২০২৬

- ১। জেলা প্রশাসক, বগুড়া।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, বগুড়া।

✓ ৩। অত্র দপ্তরের নোটিশ বোর্ড।

উপরোক্ত কোটেশন বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য
আপনার নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখার জন্য
সবিনয়ে অনুরোধ করা হলো।